




বনিব বার্তা

ঠিক়ি: নং: ফো: ০২-৯১০৮ • পর্ম: ০১, স্বেচ্ছা ১০৮
www.bonikbarta.com | সমৃদ্ধির সহযাত্রী

বনিব বার্তা, ০২-০২-২০২৩, পৃ. ১০



ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটি আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশে ১৯৭১ সালে পাকিস্তানি বাহিনী দ্বারা সংঘটিত হত্যাযজ্ঞকে 'গণহত্যা' ঘোষণার দাবি জানিয়েছেন দেশের বিশিষ্টজনরা। গতকাল ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির আলোচনা অনুষ্ঠানে এ দাবি করেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ, ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান এবং বঙ্গবন্ধুর সাবেক একান্ত সচিব ও ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়ক প্রামাণ্যচিত্র 'স্টপ জেনোসাইড' এবং 'জনযুদ্ধ৭১'-এর প্রদর্শন করা হয়। —বিজ্ঞপ্তি